অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/13/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সেইন্ট লরেন্স কাউন্টির ওগডেন্সবার্গ সিটির বন্যা স্থিতিস্থাপকতা প্রকল্পের একটি সিরিজের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

উপকূলরেখা স্থিতিশীল করতে এবং সেইন্ট লরেন্স নদীর সংলগ্ন বন্যাপ্রবণ পাবলিক স্পেস সুরক্ষিত রাখতে 8.3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান

স্টেটের 300 মিলিয়ন মার্কিন ডলারের স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগের অংশ

ফিতা কাটার ছবি এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে সেইন্ট লরেন্স কাউন্টির ওগডেন্সবার্গ সিটির বন্যা স্থিতিস্থাপকতা প্রকল্পের একটি সিরিজের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন। চারটি প্রকল্পকে নিউ ইয়র্ক স্টেটের লেক অন্টারিও স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগের (Resiliency and Economic Development Initiative, REDI) মাধ্যমে 8.3 মিলিয়ন মার্কিন ডলার অনুদান তহবিল প্রদান করা হয়েছিলো। এখন সম্পূর্ণ হওয়া REDI অর্থায়িত এই প্রকল্পগুলি ভবিষ্যতের পানির উচ্চতা বৃদ্ধির ঘটনার প্রভাব প্রশমনে সাহায্য করবে এবং উপকূলরেখার স্থিতিস্থাপকতা উন্নত করবে।

"ওগডেন্সবার্গ সিটির সম্পূর্ণ হওয়া REDI প্রকল্পসমূহ জননিরাপত্তা রক্ষা করবে, সেইন্ট লরেন্স নদীর উপকূলরেখার সংলগ্নে স্থিতিস্থাপকতা গঠন করবে এবং সম্প্রদায়ের জন্য বিনোদনমূলক সুযোগ তৈরি করবে, সফল এই নিউ ইয়র্ক স্টেট উদ্যোগের বহু শীর্ষ লক্ষ্য অর্জন করবে," **গভর্নর হোকল বলেন।** "সিটির প্রকল্পসমূহের কাজ শেষ হওয়া হলো ওগডেন্সবার্গ ওয়াটারফ্রন্টের সম্পূর্ণ সম্ভাবনা বাস্তবায়ন করার দিকে একটি অগ্রগামী ধাপ।"

2019 সালে, সেইন্ট লরেন্স নদীতে পানির উচ্চতা রেকর্ড পরিমাণ বৃদ্ধি পায় যার ফলে নদীর উপকূলরেখা সংলগ্ন সম্প্রদায়সমূহে বিধ্বংসী বন্যার সৃষ্টি হয়। এই ঘটনাগুলি সরকারি অবকাঠামোর ক্ষয়ক্ষতি করে এবং মোরিসেট পার্ক (Morrisette Park) এবং সিটির সরকারি ডকের মতো জনপ্রিয় পর্যটন গন্তব্যে জনগণের ব্যবহার সীমিত করে, যা জননিরাপত্তা এবং স্থানীয় অর্থনীতিকে নেতিবাচকভাবে প্রভাবিত করে।

আজকের ঘোষণার মধ্যে রয়েছে:

- **মোরিসেট পার্ক এবং সিটি ডক, 4,875,000 মার্কিন ডলার:** মোরিসেট পার্ক বাসিন্দা ও বেড়াতে আসা মানুষের জন্য একটি জনপ্রিয় সমবেত হওয়ার স্থান যেখানে একটি টেনিস কোর্ট, কাঠের খেলার মাঠ, এবং পাবলিক পার্কিং রয়েছে। বন্যা এবং বারবার হওয়া ঝড়ের ঘটনা পার্কের উপকূলরেখার মারাত্মক ক্ষয় করেছে এবং বিদ্যমান সীওয়ালের ক্ষতি করেছে, যা পার্কের অবকাঠামোকে এবং সংলগ্ন স্যানিটারি পাম্প স্টেশনকে ঝুঁকিগ্রস্ত করে। বন্যার সময়, টার্নঅ্যারাউন্ড এবং পার্কিং স্থান পানি দ্বারা প্লাবিত হয়েছিলো এবং ব্যবহারের জন্য বিপজ্জনক হিসেবে গণ্য করা হয়, যার ফলে বাধ্য হয়ে খেলার মাঠটি বন্ধ করে দিতে হয়। প্রকল্পে বাস্তবায়িত স্থিতিস্থাপকতা ব্যবস্থার মধ্যে রয়েছে পার্ককে এবং নিকটস্থ ক্যারোলাইন স্ট্রিটকে দুই থেকে তিন ফুট উঁচু করতে ফিল এবং গ্রেডিং ইনস্টল করা। গ্রেড পরিবর্তনের বন্দোবস্ত করার জন্য ঝড়ের পানির কাঠামো, অ্যাসফল্ট পথ, কংক্রিটের সাইডওয়াক, গ্রানাইটের মেমোরিয়াল, এবং সাইটের বাতির ব্যবস্থাসহ বিদ্যমান সাইটের অনেক কিছুর পুনর্নির্মাণ বা পুনরায় স্থাপন করা হয়েছে। ভবিষ্যতের পানির উচ্চতা বৃদ্ধির ঘটনা এবং ঢেউয়ের আঘাত থেকে নদীর তীরের উন্মুক্ত উচ্চতর অংশে অধিক স্থিতিস্থাপকতা প্রদান করার জন্য মোরিসেট পার্কের উত্তরপূর্বের উপকূলরেখায় প্রকৃতিভিত্তিক সিল উপকূলরেখার সুরক্ষা স্থাপন করা হয়েছে। প্রকৃতিভিত্তিক সিলটি গঠিত হয়েছে পানির প্রান্তে রিপ-র্যাপ পাথর স্থাপন করে এবং তার সাথে রয়েছে রিপ-র্যাপ বার্মের উপরের ঢালে সমন্বিত উদ্ভিদসহ ভূমিক্ষয় নিয়ন্ত্রণকারী ম্যাটিং। ভবিষ্যতের চরম বন্যার ঘটনা থেকে মোরিসেট পার্ককে সুরক্ষিত রাখার জন্য সংলগ্ন সিটি ডক শিট পাইল দেওয়ালটিকে দুই ফুট উঁচু করা হয়েছে।
- **মিউনিসিপ্যাল ম্যারিনা এবং ডবিস্কি সেন্টারের (Dobisky Center) নিকটবর্তী পিয়ার, 911,973 মার্কিন ডলার:** সেইন্ট লরেন্স নদীতে অবস্থিত ওগডেন্সবার্গ মিউনিসিপ্যাল ম্যারিনাতে (Ogdensburg Municipal Marina) 70টির বেশি বোট স্লিপ রয়েছে, যা সিটিতে বিনোদনমূলক নৌকাচালক এবং উৎসুক মৎস্যশিকারিদের আকৃষ্ট করে। বর্ধিত পানির মাত্রার ফলে ম্যারিনার সীওয়ালের কাঠামোগত ক্ষতি হয়েছে, যার ফলে ম্যারিনা প্লাবিত হয় এবং ঝড়ের পানির বহিঃপ্রবাহে উল্লেখযোগ্য আন্ডারকাটিং হয়। বারবার হওয়া বন্যা মিউনিসিপ্যাল ম্যারিনার উপকূলরেখার ক্ষতিসাধন করে, যার ফলে পানি বৃদ্ধি এবং ঢেউয়ের আঘাতে ম্যারিনাটি অরক্ষিত হয়ে পড়ে। যার ফলে ব্যবহারকারীদের জন্য পরিস্থিতি বিপজ্জনক হয়ে যায় এবং পার্কের একটি অংশকে অস্থায়ীভাবে বন্ধ করে দিতে হয়, যার মধ্যে ছিলো অধিক ব্যবহৃত একটি গ্যাজিবো এবং ডবিস্কি সেন্টারের নিকটে অবস্থিত একটি ব্রডওয়াক। সম্পূর্ণ হওয়া কাজ ড্রিভেন স্টিল শিট পাইল এবং ক্যাপ স্থাপন, মিউনিসিপ্যাল ম্যারিনার দক্ষিণের উপকূলরেখায় রিপ-র্যাপ উপকূলরেখা সুরক্ষা, এবং বিদ্যমান গ্যাজিবোর উচ্চতা আনুমানিক এক ফুট উঁচু করার মাধ্যমে মিউনিসিপ্যাল পিয়ারের নদীর পাশের অংশকে স্থিতিশীল করে।
- **গ্রিনবেল্ট পার্ক, 530,000 মার্কিন ডলার:** গ্রিনবেল্ট পার্কটি (Greenbelt Park) ওসওয়েগাচি এবং সেইন্ট লরেন্স নদীর সঙ্গমস্থলের নিকট অবস্থিত। ঘনঘন ঢেউয়ের আঘাতে প্রায় 680 সরল ফুট ওয়াটারফ্রন্ট রিপ-র্যাপ রিভেটমেন্টের

ক্ষতি হয়েছে। উপকূলরেখায় সুরক্ষার ঘাটতির ফলে নদীর পানির উচ্চতা বেশি থাকার সময় সবুজ স্থান, পার্কিং স্থান, পার্ক বোট লঞ্চের অনেক অংশের উপর পানি জমে থাকার ঘটনা ঘটেছে। বন্যা প্রশমন ব্যবস্থার মধ্যে রয়েছে রিপ-র‍্যাপ উপকূলরেখার সুরক্ষা এবং ভবিষ্যতের পানি বৃদ্ধির ঘটনা এবং ঢেউয়ের আঘাত থেকে নদীর তীরের উন্মুক্ত উচ্চতর অংশকে রক্ষার জন্য বিদ্যমান রিপ-র‍্যাপ রিভেটমেন্ট বিস্তৃত করা।

- **ম্যাপল সিটি ট্রেইল, 2,000,000 মার্কিন ডলার:** সেইন্ট লরেন্স নদীর একটি মুখ্য উপনদী, ওসওয়েগাচি নদীর তীরে ম্যাপল সিটি ট্রেইল (Maple City Trail) অবস্থিত। বন্যার ঘটনা নদীর তীরবর্তী 100 বছরের পুরোনো লাইমস্টোন ব্লক দেওয়ালকে ক্ষতিগ্রস্ত করেছে, দেওয়ালের সমতল অবস্থা ও কাঠামোগত অটুট অবস্থাকে ক্ষতিগ্রস্ত করেছে। দেওয়ালের এই ক্ষয় ট্রেইল ব্যবহারকারীদের জন্য একটি জননিরাপত্তা ঝুঁকি সৃষ্টি করেছিলো। সম্পূর্ণ হওয়া প্রকল্পটি বন্যার সম্ভাবনা, নদীর তীরের ভূমিক্ষয়, এবং পানি বৃদ্ধির ঘটনায় সম্পত্তির ক্ষতি হ্রাস করার মাধ্যমে প্রকল্প এলাকার অভ্যন্তরীণ ট্রেইলের স্থিতিস্থাপকতা বৃদ্ধি করেছে। প্রকল্পটিতে রয়েছে একটি নতুন প্রিকাস্ট কংক্রিট সেগমেন্টাল ব্লক দেওয়াল (1,200 সরল ফুট) যা লাইমস্টোন/কংক্রিট দেওয়ালটিকে প্রতিস্থাপিত করবে। নতুন দেওয়ালের উপরের অংশটি 252 ফুট (উত্তরের প্রান্ত), 253.5 ফুট (মধ্যবর্তী অংশ) এবং 255 ফুট (দক্ষিণ প্রান্ত, বাঁধের কাছে) উচ্চতায় স্থাপন করা হয়েছে যাতে ভবিষ্যতের বন্যার ঘটনায় নদীর পানির দেওয়ালকে অতিক্রম করার ঘটনা থেকে উপকূলরেখাকে রক্ষা করা যায়। নতুন দেওয়ালের পেছনের স্থানটি উঁচু করা হয়েছে এবং বিদ্যমান ক্ষতিগ্রস্ত ট্রেইলের পুনর্গঠন ও পুনরায় ল্যান্ডস্কেপ করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের স্টেট সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "লেক অন্টারিও এবং সেইন্ট লরেন্স নদীর উপকূলরেখার সম্প্রদায়সমূহকে সুরক্ষিত ও উন্নত করার জন্য গভর্নরের চলমান প্রয়াসের একটি অত্যাবশ্যকীয় অংশ হলো এধরনের স্থিতিস্থাপকতা অবকাঠামো প্রকল্প। ভবিষ্যতে ওগডেন্সবার্গ সিটিতে পানি বৃদ্ধির ঘটনার প্রভাব প্রশমিত করতে এই প্রকল্পটি সাহায্য করবে, এবং একই সাথে সিটি এবং অঞ্চলের অর্থনীতি, পরিবেশ এবং সামগ্রিকভাবে এর টেকসই দশার উন্নয়ন করবে। এছাড়াও প্রকল্পটি আমাদের স্থানীয় ওয়াটারফ্রন্ট পুনরুজ্জীবন কর্মসূচি (Local Waterfront Revitalization Program) এবং ব্রাউনফিল্ড সুযোগ এলাকা (Brownfield Opportunity Area) কর্মসূচির মাধ্যমে ওগডেন্সবার্গে ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) দীর্ঘমেয়াদি স্থিতিস্থাপকতা ও পুনরুজ্জীবন প্রয়াসের সম্পূরক।"

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation) কমিশনার এবং REDI কমিশনের সহপ্রধান ব্যাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্ক স্টেটের REDI উদ্যোগটি লেক অন্টারিও এবং সেইন্ট লরেন্স নদীর সংলগ্ন সম্প্রদায়সমূহকে সুরক্ষিত রাখতে এর টেকসই রেকর্ড অব্যাহত রেখেছে, নিশ্চিত করছে যাতে চরম ঝড় এবং পানি বৃদ্ধির ঘটনা সহ্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রস্তুত থাকে। স্টেটের কৌশলী বিনিয়োগ ওগডেন্সবার্গ সিটির মতো উপকূলরেখার সম্প্রদায়সমূহকে

উপকূলরেখা স্থিতিশীল এবং সুরক্ষিত রাখার জন্য প্রয়োজনীয় দক্ষতা ও সংস্থান প্রদান করছে এবং একই সাথে বাসিন্দা ও বেড়াতে আসা মানুষের জন্য বিনোদনমূলক সুযোগ বৃদ্ধি করেছে যার ফলে সুন্দর এই রিভারফ্রন্ট সম্প্রদায়ের অর্থনৈতিক প্রাণশক্তির প্রচার করছে।"

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সেইন্ট লরেন্স কাউন্টির REDI কমিশনার জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "আজকে শেষ হওয়া প্রকল্পগুলি অর্থনৈতিক বিকাশ এবং লেক অন্টারিও এবং সেইন্ট লরেন্স নদীর উপকূলরেখা সংলগ্ন স্থানীয় ইকোসিস্টেম উন্নয়নে দীর্ঘমেয়াদি সমাধান হবে। চরম আবহাওয়া ইভেন্টের মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো দিয়ে উপকূলরেখার সম্প্রদায়সমূহকে পুনর্গঠন ও বলীয়ান করতে REDI কমিশন স্থাপন করার মাধ্যমে নিউ ইয়র্ক স্থানীয় সরকার, ব্যবসা প্রতিষ্ঠান ও বাড়ির মালিকদের সাথে বিভিন্ন প্রকল্পে কাজ করেছে।"

নিউ ইয়র্ক স্টেট সাধারণ সেবা অফিসের (New York State Office of General Services) কমিশনার জিনেট ময় বলেন, "লেক অন্টারিও এবং সেইন্ট লরেন্স নদী সংলগ্ন বন্যার দ্বারা ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহে টেকসই পুনর্গঠন ও বিনোদনমূলক সাইটের উন্নয়নের ক্ষেত্রে স্টেট যদি আমাদের স্থানীয় অংশীদারদের সাথে কাজ করে তাহলে আমরা কী অর্জন করতে পারি তা আজকের গভর্নর হোকলের ঘোষণা স্পষ্ট করে দিয়েছে। একত্রে, আমরা বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করতে এবং অঞ্চলের পর্যটন অর্থনীতিকে বলীয়ান করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছি।"

স্টেটের সিনেটর মার্ক ওয়ালজিক বলেন, "এইসব প্রকল্পের কাজ শেষ হওয়ার ফলে তা আমেরিকার সামনের উঠানকে আরো স্থিতিশীল ও সুন্দর করেছে। ম্যাপল সিটির ওয়াটারফ্রন্ট স্থানের পুনঃস্থাপন সেইন্ট লরেন্সের আমেরিকার সিটির পর্যটনের জন্য দারুণ হবে।"

অ্যাসেম্বলি সদস্য স্কট গ্রে বলেন, "ওগডেন্সবার্গে REDI প্রকল্পগুলির কাজ শেষ হওয়া সিটির জন্য একটি উল্লেখজনক মাইলফলক, এর জন্য মোট 4.3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ পাওয়া হয়েছে। এই প্রকল্পগুলির মধ্যে রয়েছে টেনিস কোর্ট এবং খেলার মাঠের মতো সুযোগসুবিধাসহ মোরিসেট পার্ক এবং সিটি ডকের সংরক্ষণ এবং উপকূলরেখার পুনরুজ্জীবন, এবং সেই সাথে মিউনিসিপ্যাল ম্যারিনা এবং ডবিস্কি সেন্টারের নিকটস্থ পিয়ারের স্থিতিস্থাপকতা উন্নয়ন ও সুরক্ষা, যা নৌকাচালক ও উৎসুক মৎস্যশিকারিদের আকৃষ্ট করবে। পাশাপাশি রয়েছে গ্রিনবেল্ট পার্কের ওয়াটারফ্রন্ট রিপ-র‍্যাপ রিভেটমেন্ট, এবং সবশেষে ম্যাপল সিটি ট্রেইলের পুনঃস্থাপন যা সিটির প্রাকৃতিক সৌন্দর্য এবং বিনোদনমূলক সুযোগে অবদান রাখে। REDI কমিশন এবং ওগডেন্সবার্গ সিটি এই সিটির ওয়াটারফ্রন্ট এলাকার উন্নয়নে উল্লেখজনক বিনিয়োগ করেছে।"

সেইন্ট লরেন্স কাউন্টির সভাপতি ডেভিড ফোরসাইথ বলেন, "ওগডেন্সবার্গ সিটিতে সেইন্ট লরেন্স সংলগ্ন স্থানে এইসব গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ শেষ হতে দেখে আমি অত্যন্ত উৎসাহিত হয়েছি। রিফারফ্রন্ট হলো সিটির মহানতম সম্পদ। জেলা 2 এর প্রতিনিধি হিসেবে, যার মধ্যে ওগডেন্সবার্গ সিটির একাংশ রয়েছে, এবং সিটিতে 37 বছর ধরে একটি ব্যবসার মালিক হিসেবে বলছি, সিটির যেই এলাকায় এই প্রকল্পগুলি হয়েছে তা কাউন্টির সবথেকে সুন্দর কিছু স্থানে অবস্থিত। এই প্রকল্পকে বাস্তবায়িত হতে দেখা এবং নিউ ইয়র্ক স্টেটের সাহায্যে এটির উপর

প্রদত্ত গুরুত্ব নিঃসন্দেহে সিটির পুনরুদ্ধার প্রয়াসকে প্রভাবিত করবে। নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্ব এবং সেইন্ট লরেন্স কাউন্টিতে সকল REDI সম্পূর্ণ করার প্রতি প্রদত্ত অব্যাহত মনোযোগের জন্য আমরা কৃতজ্ঞ।"

ওগডেন্সবার্গের মেয়র জেফ স্কেলি বলেন, "দীর্ঘদিন ধরে সিটির ওয়াটারফ্রন্ট এবং ওসওয়েগাচি সংলগ্ন ম্যাপল সিটি ট্রেইলের ক্রিসেন্ট এলাকার উন্নয়নের কাজ চলছে এবং এর জন্য একাধিক স্টেট, ফেডারেল এবং স্থানীয় সরকারের কর্মকর্তা ও এজেন্সির মধ্যকার সমন্বয় প্রয়োজন হয়েছে। বিশেষ করে, অন্তর্বর্তীকালীন সিটি ম্যানেজার অ্যান্ড্রিয়া স্মিথের নেতৃত্বে, আমাদের নিজস্ব ওগডেন্সবার্গ পরিকল্পনা ও বিকাশ অফিস এই প্রকল্পের কাজ শেষ করার জন্য নিরলসভাবে কাজ করেছে। এখন যেহেতু প্রকল্পটি শেষ হয়েছে, সিটির বাসিন্দারা এবং আমাদের সম্প্রদায়ে বেড়াতে আসা মানুষেরা সেইন্ট লরেন্স এবং ওসওয়েগাচি উভয় নদী সংলগ্ন আমাদের অনন্য ওয়াটারফ্রন্ট আরো ভালোভাবে উপভোগ করতে পারবে। আমি জড়িত সকলকে ধন্যবাদ জানাতে চাই।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রসারিত ধরনের প্রতিক্রিয়া হিসেবে উপকূলীয় কমিউনিটিগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা এবং ওসওয়েগো এবং জেফারসন এবং সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI-র মাধ্যমে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদী সংলগ্ন বন্যাপ্রবণ অঞ্চলের সম্প্রদায়ের সুবিধার জন্য ও এলাকাসমূহের স্থিতিস্থাপকতা উন্নত করতে স্টেট 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

2019 সালের বসন্তে স্টেটের REDI প্রকল্প সৃষ্টির পর থেকে, 134টি REDI অর্থায়িত স্থানীয় ও আঞ্চলিক প্রকল্পের কাজ চলছে, যার মধ্যে 28টি নকশা পর্যায়ে, 39টি নির্মাণ পর্যায়ে এবং 67টি প্রকল্প শেষ হয়েছে।

আরো তথ্য, প্রকল্প প্রোফাইল এবং REDI খবরের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন